

# সুপ্ত যক্ষ্মা সংক্রমণ

## পরীক্ষা ও চিকিৎসা সম্পর্কে জানুন

NYC Health

যক্ষ্মা (Tuberculosis, TB) জীবাণুর ফলে প্রাণঘাতী অসুখ হতে পারে। সৌভাগ্যক্রমে, **যক্ষ্মা সংক্রমণের** শিকার অনেক ব্যক্তিই অসুস্থ হয়ে পড়ার আগে চিকিৎসা নিতে পারেন।


- **যক্ষ্মা সংক্রমণ** সম্পর্কে **আরো জানুন**।
- আপনি ঝুঁকিতে থাকলে **পরীক্ষা করান**।
- আপনার **যক্ষ্মা সংক্রমণ** হলে **চিকিৎসা নিন**।

# জানুন

**যক্ষ্মা সংক্রমণ** হয় Mycobacterium tuberculosis (মাইকোব্যাকটেরিয়াম টিউবারকুলোসিস) নামক একটি ব্যাকটেরিয়ার কারণে। কোনো ব্যক্তি সুস্থ বোধ করার পরেও যক্ষ্মা সংক্রমিত থাকতে পারেন। স্বাস্থ্য সেবা প্রদানকারীরা এটিকে বলেন **সুপ্ত যক্ষ্মা সংক্রমণ**। সুপ্ত অর্থ নিষ্ক্রিয়।

- এই সংক্রমণ দীর্ঘ সময় ধরে আপনার শরীরে থাকতে পারে। এটি ধীরে ধীরে আপনাকে অত্যন্ত অসুস্থ করে তুলতে পারে।
- আপনি যদি সংক্রমণের ফলে অসুস্থ হয়ে পড়েন, তখন সেটিকে বলে **সক্রিয় যক্ষ্মা রোগ**।
- যক্ষ্মা রোগের জন্য ওষুধ গ্রহণ করলে তা আপনাকে **সক্রিয় যক্ষ্মা রোগ** থেকে রক্ষা করতে পারে।
- **সক্রিয় যক্ষ্মা রোগ** একটি গুরুতর অসুখ এবং চিকিৎসা না করালে মানুষ এর ফলে মারা যেতে পারে।

আপনার কাছ থেকে **সুপ্ত যক্ষ্মা সংক্রমণ** অপরের দেহে ছড়াবে না। কিন্তু আপনি যদি **সক্রিয় যক্ষ্মা রোগে** আক্রান্ত হন, তাহলে আপনার ফলে অন্যরাও অসুস্থ হয়ে পড়তে পারে। আপনি এমনকি শুধু কাশি বা কথা বলার মাধ্যমেই **সক্রিয় যক্ষ্মা রোগ** ছড়াতে পারেন।



# জানুন

## সুপ্ত যক্ষ্মা সংক্রমণ চেনার উপায় কী?

**সুপ্ত যক্ষ্মা সংক্রমণ** কোনো উপসর্গ তৈরি করে না, তাই এটি সাধারণত কোনোভাবে চেনা যায় না। নিশ্চিতভাবে জানার একমাত্র উপায় হল একটি যক্ষ্মা পরীক্ষা করানো।

## সক্রিয় যক্ষ্মা রোগ চেনার উপায় কী?

### সক্রিয় যক্ষ্মা রোগে আক্রান্ত ব্যক্তিদের এই লক্ষণগুলো থাকতে পারে:

- সেরে যাচ্ছে না এমন কাশি
- প্রচণ্ড জ্বর
- রাতে ঘাম হওয়া
- খুব বেশি ক্লান্তি
- ওজন কমে যাওয়া

**কীভাবে আমি নিজেকে ও আমার পরিবারকে সুরক্ষিত রাখব? পরীক্ষা ও চিকিৎসা করান।**

## একটি সুপ্ত যক্ষ্মা সংক্রমণের গল্প

"কয়েক বছর আগে, আমি যক্ষ্মার রক্ত পরীক্ষায় পজিটিভ ফলাফল পাই। আমার ডাক্তার আমাকে বলেন যে আমার **সুপ্ত যক্ষ্মা সংক্রমণ** রয়েছে। আমি সুস্থ বোধ করছিলাম, তাই তার দেওয়া ওষুধগুলো আমি নেইনি। গত মাসে, আমি জ্বর ও কাশির ফলে প্রচণ্ড অসুস্থ হয়ে পড়ি। এখন আমার **সক্রিয় যক্ষ্মা রোগ** রয়েছে। এখন আমাকে অনেক ওষুধ নিতে হচ্ছে। আমি হয়তো অন্যদেরও অসুস্থ করে তুলেছি। আমি যখন জানলাম যে আমার **যক্ষ্মা সংক্রমণ** রয়েছে তখনই যদি ওষুধ নিতে শুরু করতাম তাহলে এটি ঘটত না।"

# পরীক্ষা করান

## আমি কীভাবে জানব যে আমার যক্ষ্মা সংক্রমণ রয়েছে? জানার একমাত্র উপায় হল একটি যক্ষ্মা পরীক্ষা করানো।

### নিচের যে কোনো একটি প্রশ্নের উত্তর যদি হ্যাঁ হয় তাহলে পরীক্ষা করান:

- আপনি কি **সক্রিয় যক্ষ্মা রোগ** ছিল বা থাকার সম্ভাবনা ছিল এমন কারো সাথে বাস করেছেন বা সময় কাটিয়েছেন?
- আপনি কি HIV, ডায়াবেটিস, ক্যান্সার বা অন্য কোনো অসুস্থতায় ভুগছেন যা আপনার রোগ প্রতিরোধ ক্ষমতাকে দুর্বল করে দিতে পারে?
- আপনি কি এমন কোনো ওষুধ নেন যা আপনার রোগ প্রতিরোধ ক্ষমতাকে দুর্বল করে?
- আপনি কি আফ্রিকা, এশিয়া, মেক্সিকো, মধ্য বা দক্ষিণ আমেরিকা, ক্যারিবিয়ান বা পূর্ব ইউরোপের মত অঞ্চলগুলো, যেখানে যক্ষ্মার প্রাদুর্ভাব বেশি, সেখানে জন্মেছিলেন, ভ্রমণ করেছিলেন বা বাস করেছিলেন (একটানা 30 দিনের বেশি)?

**যক্ষ্মা সংক্রমণের জন্য রক্ত পরীক্ষা করতে আপনার সেবা প্রদানকারীকে বলুন।**

## একটি সুপ্ত যক্ষ্মা সংক্রমণের গল্প

"আমি এমন একটি দেশ থেকে এসেছি যেখানে অনেক লোকের যক্ষ্মা আছে। আমার ডাক্তার একটি রক্ত পরীক্ষা দেন। পরীক্ষার ফল পজিটিভ আসে। এমনকি অসুস্থ বোধ না করলেও, আমি জানতে পেরে খুশি হই। আমি আমার **সুপ্ত যক্ষ্মা সংক্রমণের** জন্য চিকিৎসা নিচ্ছি যাতে আমি **সক্রিয় যক্ষ্মা রোগে** আক্রান্ত না হই।"

# চিকিৎসা করান।

## আমি জানতে পেরেছি যে আমার সুপ্ত যক্ষ্মা সংক্রমণ আছে। এখন কী করব?

আপনার কোন চিকিৎসাটি নেওয়া দরকার সে ব্যাপারে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন। চিকিৎসার বিভিন্ন বিকল্প উপলব্ধ আছে। একটি **সুপ্ত যক্ষ্মা সংক্রমণের** চিকিৎসা আপনাকে **সক্রিয় যক্ষ্মা রোগে** আক্রান্ত হওয়া থেকে রক্ষা করে, যা আপনার কাছ থেকে অন্যদের মধ্যে ছড়িয়ে পড়তে পারে।

**চিকিৎসা নিলে তা আপনাকে ও আপনার প্রিয়জনদের রক্ষা করবে।**

## একটি সুপ্ত যক্ষ্মা সংক্রমণের গল্প

"আমি ভেবেছিলাম আমার **সুপ্ত যক্ষ্মা সংক্রমণের** চিকিৎসা করতে অনেক সময় লাগবে। আমার ডাক্তার আমাকে একটি অপেক্ষাকৃত নতুন, সংক্ষিপ্ত চিকিৎসার কথা বলেন। এটি মাত্র তিন মাস সময় নেয়। আমাকে প্রতি সপ্তাহে শুধু একবার ওষুধ নিতে হয়েছিল। এখন আমার কাজ শেষ, এবং আমি আর দুশ্চিন্তা করছি না যে আমার **সক্রিয় যক্ষ্মা রোগ** হবে এবং আমি সেটি আমার পরিবারের মধ্যে ছড়িয়ে দেব।"

# সংস্থানসমূহ

- "NYC Health Map" (NYC স্বাস্থ্য ম্যাপ): **nyc.gov/health/map**
    - NYC স্বাস্থ্য দপ্তরের Chest Centers (চেস্ট সেন্টারসমূহ) আপনার ভাষায় বিনামূল্যে যক্ষ্মার পরীক্ষা ও চিকিৎসা প্রদান করে। তারা আপনার অভিবাসন স্ট্যাটাস জিজ্ঞাসা করবেন না।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) যক্ষ্মার ব্যক্তিগত গল্পগুলো: **cdc.gov/tb/topic/basics/personalstories.htm**
- We Are TB রোগী সহায়তা নেটওয়ার্ক: **wearetb.com**

**নিজেকে ও প্রিয়জনদের রক্ষা করতে পরীক্ষা করান ও চিকিৎসা নিন।**

আরো জানতে, আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে কথা বলুন বা **nyc.gov/health/tb** ভিজিট করুন।

NYC Health

12.22 Bengali